

বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।  
(কর ধার্য শাখা)

উন্নয়নের গণকর্তৃক,  
শেখ হাসিনার মুকামত

স্মারক নং: বিম্মি কর প্রচ-২০২(২)

তারিখ: ১১/০৯/১৭

বিষয়: বরিশাল সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে ভূমি / ইমারতের বার্ষিক মূল্য নির্ধারণের কর্মপরিকল্পনা অবহিত করন প্রসঙ্গে।


সূত্র: স্থানীয় সরকার বিভাগের স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭১.২২.১১.১৭.৫৮৭ তারিখ: ২৮-০৮-২০১৭

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, The Municipal Corporation Taxation Rules, 1986 এর বিধি ১৯ ও ২০ মূলে বরিশাল সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রে ভূমি ও ইমারত সমূহের বার্ষিক মূল্য নির্ধারণ (Assessment) এর বিধান অনুযায়ী বরিশাল সিটি কর্পোরেশন প্রতি পাঁচ বছর অন্তর Assessment সম্পন্ন করে আসছে। নিম্ন ছকে বরিশাল সিটি কর্পোরেশনের Assessment সংক্রান্ত কর্মপরিকল্পনা দেয়া হল:

ক্রঃ নং	বিষয়	গৃহিত পদক্ষেপ	মন্তব্য
১।	সর্বশেষ Assessment	২০০৮- ২০০৯ অর্থ বছরে সম্পন্ন করা হয়। হোল্ডিং সংখ্যা ছিল ৩৭,৫০০ টি।	
২।	৫ বছর অতিক্রম হওয়ার পর পুনরায় Assessment শুরু সময়বদ্ধ পরিকল্পনা।	২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত হোল্ডিং সংখ্যা ছিল ৩৭,৫০০+৮,০০০ = ৪৫,৫০০ টি। বার্ষিক করের পরিমাণ ছিল ১১,২৬,২৬,৮১৮/- টাকা।	
৩।	নতুন Assessment সম্পন্ন করার সময়বদ্ধ পরিকল্পনা।	২০১৬- ২০১৭ অর্থ বছরে Assessment শুরু করা হয় যা চলমান আছে। বরিশাল সিটি কর্পোরেশনের ৩০ টি ওয়ার্ডের বর্তমানে ৪৫,৫০০+১,৬০০= ৪৭,১০০ টি হোল্ডিং এর মধ্যে ৫০ ভাগ Assessment এর কাজ সম্পন্ন করা হয়েছে। ১ জুলাই ১৬ থেকে ৩০ জুন ২০১৭ পর্যন্ত কর বৃদ্ধির পরিমাণ ৩,৮২,১৯,৬৫২/- টাকা। অবশিষ্ট ৫০ ভাগ ৩০ শে জুন ২০১৮ নাগাদ সম্পন্ন করা হবে। Assessment কাজ ধারাবাহিক ভাবে চলমান রয়েছে। Assessment শেষ হলে করের পরিমাণ হবে আনুমানিক ১৫,০৮,৪৬,৪৭০+৪,৫০,০০,০০০= ১৯,৫৮,৪৬,৪৭০/- টাকা।	

বিষয়টি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

মোঃ মাহমুদুল আলম  
উপ- সচিব  
স্থানীয় সরকার বিভাগ।  
বাংলাদেশ সচিবালয় ঢাকা  
(সিটি কর্পোরেশন- ২ শাখা)।

  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
বরিশাল সিটি কর্পোরেশন  
বরিশাল।